রাজস্বের প্রবৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)
বাড়ী নং-২১, রোড নং-২৭, সেক্টর নং-০৭, উত্তরা, ঢাকা-১২৩০।
ওয়েবসাইট: www.dknvat.gov.bd

টেকসই সমৃদ্ধি

নথি নং-ঢাকা উত্তর/মূসক-বাস্তঃ(২৩৪)/মাসকো কটনস/অব্যাঃ/২০২১ তারিখ: / /২০২১ খ্রিঃ।

## আদেশ

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (মূল্য সংযোজন কর) এর প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখ-১৩/০৬/২০১৯ খ্রিঃ এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তাং-২৬/০৯/২০১৯ খ্রিঃ অনুযায়ী **মাসকো কটনস লিমিটেড, ৪৪ নং রেদওয়ান কমপ্লেক্স, গাজীপুরা, টঙ্গী, গাজীপুর (মূসক নিবন্ধন নম্বর-০০০১৫৪৪৬৬-০১০২)** নামক প্রতিষ্ঠানটি শতভাগ রপ্তানীমূখী শিল্প প্রতিষ্ঠান হিসেবে, প্রতিষ্ঠান কর্তৃপক্ষ তাঁদের প্রতিষ্ঠানের রপ্তানী কাজে ব্যবহৃত বিদ্যুৎ বিল ও গ্যাস বিলের উপর নির্ধারিত হারে মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতি চেয়ে ২৫/০৫/২০২১ খ্রিঃ তারিখ এ দপ্তরে আবেদন করেন। উক্ত প্রজ্ঞাপন ও আদেশ অনুযায়ী আবেদনপত্রে বর্ণিত বিষয়টি বিবেচনাযোগ্য কি-না তা সবিস্তারে তদন্ত/পরীক্ষা করে মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য এ দপ্তরের জনাব মুহাম্মদ মাহফুজ আলম, সহকারী কমিশনার; জনাব জনি চক্রবর্তী, রাজস্ব কর্মকর্তা এবং জনাব আলী হাসান নূর সহকারী রাজস্ব কর্মকর্তা এর সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করা হয়।

২। তদন্ত কমিটি গত ০৬/০৯/২০২১ খ্রিঃ তারিখ আলোচ্য প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শন করেন এবং ১৫/০৯/২০২১ খ্রিঃ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, প্রতিষ্ঠান কর্তৃপক্ষ বিগত ২০২০-২১ অর্থবছরে উৎসে মূসক বাবদ ৫৫,৯৭০/- (পঞ্চান্ন হাজার নয়শত সত্তর) টাকা সরকারী কোষাগারে জমা প্রদান করেছে এবং প্রতিষ্ঠানটি নিয়মিত দাখিলপত্র দাখিল করেন। প্রতিষ্ঠানের রপ্তানীর বিপরীতে ২২/০৪/২০২০ খ্রিঃ থেকে ০৩/০৫/২০২০ খ্রিঃ পর্যন্ত প্রত্যাবশিত বৈদেশিক মুদ্রার পরিমাণ ৭২৬১২৫৯.০২ টাকা। পরিশেষে তদন্ত দল উল্লিখিত টেবিল এ বর্ণিত গ্যাস ও বিদ্যুৎ বিলের উপর, জাতীয় রাজস্ব বোর্ডের এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখ-১৩/০৬/২০১৯ খ্রিঃ এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ- ২৬/০৯/২০১৯ খ্রিঃ অনুযায়ী নির্ধারিত হারে অব্যাহতি দেয়া যেতে পারে মর্মে অভিমত প্রদান করেছেন।

৩। তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে প্রদত্ত মতামতের ভিত্তিতে এবং সংশ্লিষ্ট প্রজ্ঞাপন ও আদেশ অনুযায়ী **মাসকো কটনস লিমিটেড, ৪৪ নং রেদওয়ান কমপ্লেক্স, গাজীপুরা, টঙ্গী, গাজীপুর (মূসক নিবন্ধন নম্বর-০০০১৫৪৪৬৬-০১০২)** নামক প্রতিষ্ঠানের অনুকূলে নিম্নোক্ত টেবিলে বর্ণিত সেবার ক্ষেত্রে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মূসক) অনুচ্ছেদ-০৪ এ বর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করা হলো:-

টেবিল-১

| শিরোনামা সংখ্যা | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | পণ্য/সেবার বিবরণ | মিটার নম্বর | গ্রাহক সংকেত নম্বর | মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতির হার |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ২৭.১১ | ২৭১১.২১.০০ | প্রাকৃতিক গ্যাস | ৭৫০৭০২০০ | ৩-০৩-০০০৭১৬-০০-০৫-৯ | ১০০% |

টেবিল-২

| শিরোনামা সংখ্যা | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | পণ্য/সেবার বিবরণ | মিটার নম্বর | গ্রাহক সংকেত নম্বর | মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতির হার |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| S057 | S057.00 | বিদ্যুৎ বিতরণকারী | DHK-95689 | ৩৭২১০৩৭২ | ১০০% |

(চলমান পাতা-২)-

৪। <u>শর্তসমূহ</u>

ক. মূসক অব্যাহতির সুবিধাভোগী প্রতিষ্ঠান প্রতি কর মেয়াদের মূসক দাখিলপত্রের (ফরম মূসক-৯.১) সাথে এইরূপে অব্যাহতি প্রদত্ত মূসক সংশ্লিষ্ট তথ্য পরিশিষ্ট-ক এ বর্ণিত ছকে বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসনের প্রমাণপত্র Proceeds Realization Certificate (PRC) সহ কর মেয়াদ পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করবে।

খ. স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় প্রতি মাসে এইরূপ সুবিধাভোগী প্রতিষ্ঠানের তথ্য বিবরণী পরিশিষ্ট-খ এ বর্ণিত ছকে মূল্য সংযোজন কর, বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন।

গ. বিভাগীয় কর্মকর্তা, মূল্য সংযোজন কর, উক্তরূপ মূসক অব্যাহতি সুবিধাভোগী প্রতিষ্ঠানের ক্ষেত্রে তথ্য যাচাইপূর্বক বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসন বিষয়ে বা অন্য কোন বিষয়ে অসামঞ্জস্যতা পেলে উক্ত অসামঞ্জস্যতা এর বিষয়ে কারণ দর্শানো নোটিশ ও যথাযথ শুনানীর সুযোগ প্রদানপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে কমিশনারের নিকট অব্যাহতির সুবিধা বাতিলের সুপারিশ করলে কমিশনার প্রয়োজনে শুনানী গ্রহণপূর্বক তা বাতিল করতে পারবেন।

ঘ. টেবিলে বর্ণিত সেবার ক্ষেত্রে বা অত্র আদেশে বর্ণিত কোন শর্তের ব্যত্যয় ঘটলে এ দপ্তরকে অবিলম্বে তা অবহিত করে সংশোধনী আদেশ গ্রহণ করতে হবে; এবং

ঙ. এ আদেশ **সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ** মাসের বিল হতে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

স্বাক্ষরিত/-
ফারজানা আফরোজ
কমিশনার
ফোন: ০২-৪৮৯৫৮১১৫
ই-মেইল: commdkn@gmail.com

নথি নং-ঢাকা উত্তর/মূসক-বাস্তঃ(২৩৪)/মাসকো কটনস/অব্যাঃ/২০২১/৫৫৭৫(২০) তারিখ:২৩/৯/২০২১ খ্রিঃ।

<u>অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ</u>

১। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ৩২, তোপখানা রোড, চট্টগ্রাম সমিতি ভবন, ঢাকা।

২। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট, টঙ্গী বিভাগ। জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং- ২০/মূসক/২০১৯, তারিখ- ২৬/০৯/২০১৯ খ্রিঃ এর অনুচ্ছেদ নং-৩, ৪ ও ৫ মোতাবেক কার্যক্রম গ্রহণের জন্য এবং নির্দেশ অনুযায়ী প্রতি মাসের একটি সমন্বিত প্রতিবেদন পরবর্তী মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে এ দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। একই সাথে প্রতিষ্ঠানটির কার্যক্রমের প্রতি বিশেষ নজর রাখার জন্য বলা হলো।

৩। দ্বিতীয় সচিব (মূসক পরিঃ ও প্রর্ত্যপন), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৪। ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোং লিঃ, প্রধান কার্যালয়, ১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা।

৫। চেয়ারম্যান, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লি, ২২/বি, ফারুকস্বরণী, নিকুঞ্জ-২, ঢাকা-১২২৯।

৬। ম্যানেজার, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোং লিমিটেড, টঙ্গী।

৭। নির্বাহী প্রকৌশলী, পশ্চিম টঙ্গী।

৮। সহকারী প্রোগ্রামার, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা (তাঁকে ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো)।

৯। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট, টঙ্গী সার্কেল-০৪। তাঁকে প্রতিষ্ঠানটির রপ্তানী কার্যক্রম মনিটরিং করে প্রতিবেদন যথাসময়ে বিভাগীয় দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। প্রয়োজনীয় মনিটরিং এর ব্যর্থতার জন্য রাজস্ব কর্মকর্তা ও এলাকা কর্মকর্তা দায়ী থাকবেন।

১০। ব্যবস্থাপনা পরিচালক, **মাসকো কটনস লিমিটেড, ৪৪ নং রেদওয়ান কমপ্লেক্স, গাজীপুরা, টঙ্গী, গাজীপুর (মূসক নিবন্ধন নম্বর- ০০০১৫৪৪৬৬-০১০২)**।

23.09.21

**ড. মোহাম্মদ তাজুল ইসলাম**
অতিরিক্ত কমিশনার